



ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ২০০২-২০০৩
শিক্ষাবর্ষ থেকে কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রথম
বর্ষ (স্নাতক) সম্মান পরীক্ষা ইউনিট পদ্ধতিতে গ্রহণের
সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গত সোমবার
ডাইম চ্যাপেলের প্রফেসর মুস্তাফিজুর রহমানের
সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা কমিটির সভায় এ
সিদ্ধান্ত গৃহীত হয়। লিখিত পরীক্ষার পরিবর্তে এ বছর
প্রতি ইউনিটেই এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা সম্পন্ন
হবে। ভর্তি ফরমের মূল্য নির্ধারিত হয়েছে তিন শ'
টাকা। আগামী ২১ ডিসেম্বর থেকে ২২ জানুয়ারি পর্যন্ত
ভর্তি ফরম বিতরণ ও ২৩ জানুয়ারি পর্যন্ত ফরম জমা
দেয়া যাবে। ২৭ জানুয়ারি ক ও খ ইউনিট এবং ২৮
জানুয়ারি গ ও ঘ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৭ ফেব্রুয়ারি লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হবে। ২২
ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ পর্যন্ত মেধা তালিকায় স্থানপ্রাপ্ত
শিক্ষার্থী ও ৬ মার্চ থেকে ১০ মার্চ পর্যন্ত অপেক্ষমাণ
তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া চলবে।
কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছে, আগামী ১২ মার্চ থেকে প্রথম

ইবিতে ভর্তি পরীক্ষা ২৭ জানুয়ারি ॥ ২১ ডিসেম্বর থেকে ফরম বিতরণ

বর্ষের ক্লাস শুরু হবে। এদিকে ভর্তি পরীক্ষা পদ্ধতির
আমূল পরিবর্তন করায় বেশিরভাগ শিক্ষকই ক্ষোভ
প্রকাশ করেছেন। তাঁরা ধারণা করছেন, ইউনিটভিত্তিক
পদ্ধতিতে সঠিক মেধা যাচাই হবে না। কেননা
এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা সম্পন্ন হলেও খাতা
দেখার পদ্ধতি কম্পিউটারাইজড না হওয়ায় অনেক
কম মেধাসম্পন্ন শিক্ষার্থী চাপ পাবে।